রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারী ২৮, ২০০৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ

## প্রজ্ঞাপন

তারিখ, ২৭ জানুয়ারী, ২০০৪/১৪ মাঘ ১৪১০

এস, আর, ও নং ১৮-আইন/২০০৪—Explosives Act, 1884 (IV of 1884), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 5, 7, 9(4) এবং 9A(6) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার গ্যাসাধার (Pressure vessel) বিধিমালা, ১৯৯৫ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যাহা উক্ত Act এর section 18 এর বিধান মোতাবেক সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে অক্টোবর ২৭, ২০০৩ তারিখের গেজেটে প্রজ্ঞাপন নং এস, আর, ও ৩০২-আইন/২০০৩, তারিখ ২৬শে অক্টোবর, ২০০৩ এর মাধ্যমে প্রাক-প্রকাশিত হইয়াছিল, যথা ঃ—

উপরি-উক্ত বিধিমালার—

(ক) বিধি ২ এর দফা (ব) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ব) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(ব) "লাইসেন্স" অর্থ বিধি ৩৫(৭) এর অধীন প্রদত্ত লাইসেন্স ;"

(খ) বিধি ৩ এর উপ-বিধি (২) এর—

(অ) দফা (ক) এর "২৫০০" সংখ্যা ও কমার পরিবর্তে "৫,০০০" সংখ্যা ও কমা প্রতিস্থাপিত হইবে;

(আ) দফা (খ) এর "৫০০" সংখ্যাটির পরিবর্তে "১,০০০" সংখ্যা ও কমা প্রতিস্থাপিত হইবে;

(গ) বিধি ১৪ এর উপ-বিধি (২) এর "১০০০.০০ (এক হাজার)" সংখ্যা, দশমিক, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে "২,০০০ (দুই হাজার)" সংখ্যা, কমা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

(ঘ) বিধি ৩৫ এর উপ-বিধি (৪) ও (৫) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৪), (৫), (৬) ও (৭) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(৪) প্রধান পরিদর্শক, উপ-বিধি (৩) এর অধীন দাখিলকৃত নকশা নিরীক্ষা এবং গ্যাসাধারে গ্যাস মজুদ প্রাঙ্গন বা পরিবহন যান পরিদর্শন করিয়া, যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, গ্যাসাধারে গ্যাস মজুদ বা পরিবহন যানে নিরাপদে গ্যাস পরিবহন করা যাইবে, তাহা হইলে তিনি দরখাস্ত প্রাপ্তির ৩০ দিনের মধ্যে দাখিলকৃত নকশা অনুমোদন করিয়া উহার একটি অনুলিপি দরখাস্তকারীকে ফেরত দিবেন।

(৫) দরখাস্তকারী, উপ-বিধি (৪) এ উল্লিখিত অনুমোদিত নকশা এবং এই বিধিমালার বিধান অনুসারে, গ্যাসাধারে গ্যাস মজুদ প্রাঙ্গন বা পরিবহন যানের নির্মাণ সম্পন্ন করিয়া নিম্নোক্ত ছক অনুসারে নির্মাণ সম্পন্নকরণ সংক্রান্ত প্রতিবেদন ও বিধি-বিধান পালনের অঙ্গীকারপত্র প্রধান পরিদর্শকের নিকট দাখিল করিবেন, যথা ঃ—

## নির্মাণ সম্পন্নকরণ প্রতিবেদন ও অঙ্গিকারপত্র

আমি নিম্নস্বাক্ষরকারী এই মর্মে অবহিত করিতেছি যে,

(ক) .................................................................................................... নির্মিত গ্যাসাধারে গ্যাস মজুদ প্রাঙ্গন/পরিবহন যান প্রধান পরিদর্শক, বাংলাদেশ কর্তৃক অনুমোদিত নকশা নম্বর ........................তারিখ ........................ অনুসারে নির্মাণ করা হইয়াছে; এবং

(খ) গ্যাসাধার (Pressure vessel) বিধিমালা, ১৯৯৫ এর সকল বিধান যথাযথভাবে অনুসরণ করা হইয়াছে।

আমি এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, গ্যাসাধার (Pressure vessel) বিধিমালা, ১৯৯৫ এর—

(ক) বিধি ৪৬ প্রাধিকৃত যে কোন কর্মকর্তা চাহিবামাত্র মূল লাইসেন্স বা উহার প্রামাণিক অনুলিপি দেখাইতে আমি বাধ্য থাকিব।

(খ) বিধি ১০ এর অধীন যাবতীয় কাজ উক্ত বিধিমালা ও লাইসেন্সের শর্তাবলী সম্পর্কে সম্যক ধারণাসম্পন্ন একজন যোগ্য ব্যক্তির তত্ত্বাবধানে সম্পন্ন করা হইবে; এবং

(গ) বিধি ৪৭ এর বিধান অনুসরণের উদ্দেশ্যে প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ, এবং সংশ্লিষ্ট বিস্ফোরক পরিদর্শকের টেলিফোন নম্বরসহ তাহাদের দপ্তরের পূর্ণ ঠিকানা লাইসেন্সকৃত গ্যাসাধারে গ্যাস মজুদ প্রাঙ্গণ/পরিবহন যানে সংরক্ষণ করা হইবে।

তারিখ ঃ............................... দরখাস্তকারীর নাম ও স্বাক্ষর

(৬) উপ-বিধি (৫) এ উল্লিখিত প্রতিবেদন ও অঙ্গীকারপত্র প্রাপ্তির পর প্রধান পরিদর্শক স্বয়ং সংশ্লিষ্ট গ্যাস মজুদ প্রাঙ্গণ বা পরিবহণ যান পরিদর্শন করিবেন বা অপর কোন বিস্ফোরক পরিদর্শককে সংশ্লিষ্ট গ্যাস মজুদ প্রাঙ্গণ বা পরিবহন যান পরিদর্শন করিয়া উক্ত পরিদর্শন সংক্রান্ত একটি প্রতিবেদন ৭ দিনের মধ্যে তাঁহার নিকট দাখিল করিতে নির্দেশ প্রদান করিবেন।

(৭) উপ-বিধি (৬) অনুযায়ী প্রধান পরিদর্শক কর্তৃক পরিদর্শন কার্যসম্পন্ন হইবার পর, বা অন্য কোন বিস্ফোরক পরিদর্শক কর্তৃক পরিদর্শন কার্যসম্পন্ন হইবার ক্ষেত্রে তাঁহার নিকট হইতে প্রতিবেদন প্রাপ্তির পর, প্রধান পরিদর্শক যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, উপ-বিধি(৪) এ উল্লিখিত অনুমোদিত নকশা এবং এই বিধিমালার বিধান অনুসারে সংশ্লিষ্ট নির্মাণ কার্যসম্পন্ন করা হইয়াছে, তাহা হইলে তিনি উপ-বিধি (৫) এ উল্লিখিত প্রতিবেদন ও অঙ্গীকারপত্র প্রাপ্তির পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে দরখাস্তকারীর অনুকূলে নিম্নবর্ণিত ফরমে লাইসেন্স মঞ্জুর করিবেন, যথা ঃ—

(ক) গ্যাসপূর্ণ আধার পরিবহণের জন্য তফসিল ২ এর "গ" ফরমে; এবং

(খ) গ্যাস মজুদের জন্য তফসিল ২ এর "ঘ" ফরমেঃ

তবে শর্ত থাকে যে, প্রধান পরিদর্শক উক্ত লাইসেন্স মঞ্জুর না করিলে, কারণ উল্লেখপূর্বক, তাঁহার সিদ্ধান্ত উক্ত সময়ের মধ্যে, দরখাস্তকারীকে লিখিতভাবে জানাইয়া দিবে।";

(ঙ) বিধি ৩৯ এর উপ-বিধি (২) এর দফা (ক) এর "১০০" সংখ্যাটির পরিবর্তে "৫০০" সংখ্যাটি প্রতিস্থাপিত হইবে;

(চ) বিধি ৪০ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(১) কোন লাইসেন্সধারী আ্যক্ট বা বিধিমালা কোন শর্ত লঙ্ঘন না করিলে প্রধান পরিদর্শক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন বিস্ফোরক পরিদর্শক এই বিধিমালার অন্যান্য বিধান সাপেক্ষে, উক্ত লাইসেন্সধারীর লাইসেন্স অন্যূন ১ (এক) পঞ্জিকা বৎসর এবং অনধিক ৩ (তিন) পঞ্জিকা বৎসরের জন্য নবায়ন করিতে পারিবেন।";

(ছ) বিধি ৪৫ এর "৬৫ কর ব্যতীত বিধি প্রাপ্তি, বিস্ফোরক বিভাগ" সংখ্যা, শব্দগুলি ও কমার পরিবর্তে "১-৪২৩২-০০০০-২৬৮১" সংখ্যাগুলি ও চিহ্নগুলি প্রতিস্থাপিত হইবে;

(জ) বিধি ৫৪ এর পর নিম্নরূপ নূতন বিধি ৫৫ সংযোজিত হইবে, যথা ঃ—

"৫৫। **সনাক্তকরণ ও সতর্কীকরণ লেবেল, ইত্যাদি।**—(১) গ্যাসাধারে বা পরিবহনের প্রত্যেকটি আধারে বা স্থাপনায় রক্ষিত আধারে গ্যাসের ঝুঁকি সনাক্তকরণের জন্য নিম্নবর্ণিত আকারের বর্গাকৃতি লেবেল লাগাইতে হইবে, যথা ঃ—

(ক) অনধিক ২০,০০০ লিটার ধারণক্ষমতাসম্পন্ন আধারের ক্ষেত্রে-১৬৯ বর্গ সেমি (১৩ সেমি × ১৩ সেমি);

(খ) ২০,০০০ হইতে ১,০০,০০০ লিটার পর্যন্ত ধারণক্ষমতাসম্পন্ন আধারের ক্ষেত্রে-২৮৯ বর্গ সেমি (১৭ সেমি × ১৭ সেমি);

(গ) ১,০০,০০০ লিটারের বেশী ধারণক্ষমতাসম্পন্ন আধারের ক্ষেত্রে-৪০০ বর্গ সেমি (২০ সেমি × ২০ সেমি)।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত বর্গাকৃতির লেবেলের শীর্ষবিন্দু ভূমির সহিত উলম্বভাবে স্থাপন করিতে হইবে।

(৩) উপ-বিধি (১) এ উল্লিখিত লেবেল নিম্নরূপ রং, প্রতীক ও শব্দসমূহ সম্বলিত হইতে হইবে, যথা ঃ—

(ক) অপ্রজ্বলনীয় গ্যাসের ক্ষেত্রে বর্গাকৃতির লেবেলের মধ্যে শীর্ষের নিকট সবুজ রং-এর পটভূমিতে সাদা বা কালো রং বিশিষ্ট সিলিন্ডারের একটি আনুভূমিক প্রতীক থাকিবে এবং উক্ত লেবেলের মাঝখানে "অপ্রজ্বলনীয় গ্যাস" শব্দগুলি লিপিবদ্ধ থাকিবে;

(খ) প্রজ্বলনীয় গ্যাসের ক্ষেত্রে বর্গাকৃতির লেবেলের মধ্যে শীর্ষের নিকট লাল রং-এর পটভূমিতে সাদা বা কালো রং-এর একটি অগ্নিশিখার প্রতীক থাকিবে এবং উক্ত লেবেলের মাঝখানে "প্রজ্বলনীয় গ্যাস" শব্দগুলি লিপিবদ্ধ থাকিবে; এবং

(গ) বিষাক্ত গ্যাসের ক্ষেত্রে বর্গাকৃতির লেবেলের মধ্যে শীর্ষের নিকট সাদা রং-এর পটভূমিতে কালো রং-এর আড়াআড়ি দুইটি হাঁড়ের উপর মাথায় খুলির প্রতীক থাকিবে এবং উক্ত লেবেলের মাঝখানে "বিষাক্ত গ্যাস" শব্দগুলি লিপিবদ্ধ থাকিবে।

(৪) উপ-বিধি (১) এ উল্লিখিত লেবেল ভূ-গর্ভস্থ ট্যাংকের ক্ষেত্রে প্রাঙ্গণের মধ্যে সহজে দৃশ্যমান হয় এমন স্থানে প্রদর্শিত করিতে হইবে।

(৫) প্রজ্বলনীয় গ্যাসের ক্ষেত্রে মজুদ স্থাপনা ও পরিবহন যানে "ধুমপান বা আগুন নিষিদ্ধ" বিষয়ক সতর্কতামূলক বিজ্ঞপ্তি সম্বলিত লেবেল লাগাইতে হইবে, যাহার প্রতিটি অক্ষরের ক্ষেত্রফল হইবে অন্যূন ২৫ বর্গ সেন্টিমিটার।";

(ঝ) তফসিল ২ এর—

(অ) ফরম গ এর—

(১) "শর্তাবলী" এর পূর্বে নিম্নরূপ প্রত্যয়নপত্র ও ছক সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"<u>প্রত্যয়নপত্র</u>

আমি এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, এতদ্বারা লাইসেন্সকৃত প্রাঙ্গণটি .............................. তারিখে ..............................কর্তৃক পরিদর্শন করা হইয়াছে, যিনি প্রাঙ্গণটি অনুমোদিত নকশা অনুসারে এবং গ্যাসাধার (Pressure vessel) বিধিমালা, ১৯৯৫ এর বিধান মোতাবেক প্রতিপালিত হইয়াছে মর্মে প্রত্যয়ন করিয়াছেন।

প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ

| নবায়নের তারিখ | মেয়াদ উত্তীর্ণের তারিখ | লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের স্বাক্ষর |
|---|---|---|
| | | |
| | | |
| | | |

";।

(২) ১৩ নং শর্তের পর নিম্নরূপ নূতন ১৪ ও ১৫ নং শর্ত সংযোজিত হইবে, যথা ঃ—

"(১৪) প্রতিটি লাইসেন্সকৃত প্রাঙ্গণে লাইসেন্সধারীর নাম ও লাইসেন্স নম্বর সহজে দৃশ্যমান স্থানে সাইনবোর্ডে লিপিবদ্ধ করিয়া রাখিতে হইবে।

(১৫) বিধি ৪৭ এর বিধান অনুসরণের উদ্দেশ্যে প্রধান পরিদর্শক এবং সংশ্লিষ্ট অঞ্চলের বিস্ফোরক পরিদর্শকের টেলিফোন নম্বরসহ দপ্তরের পূর্ণ ঠিকানা লাইসেন্সকৃত মজুদাগার, প্রাঙ্গন, স্থাপনা ও পরিবহন যানে লিপিবদ্ধ করিতে হইবে।";

(আ) ফরম ঘ এর—

(১) "শর্তাবলী" এর পূর্বে নিম্নরূপ পত্যয়নপত্র ও ছক সন্নিবেশিত হইবে, যথা ঃ—

প্রত্যয়নপত্র

আমি এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, এতদ্বারা লাইসেন্সকৃত প্রাঙ্গণটি .............................. তারিখে .........................কর্তৃক পরিদর্শন করা হইয়াছে, যিনি প্রাঙ্গণটি অনুমোদিত নকশা অনুসারে এবং গ্যাসাধার (Pressure vessel) বিধিমালা, ১৯৯৫ এর বিধান মোতাবেক প্রতিপালিত হইয়াছে মর্মে প্রত্যয়ন করিয়াছেন।

প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ

| নবায়নের তারিখ | মেয়াদ উত্তীর্ণের তারিখ | লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের স্বাক্ষর |
|---|---|---|
| | | |
| | | |
| | | |

";।

(১) ১৩ নং শর্তের পর নিম্নরূপ নূতন ১৪ ও ১৫ নং শর্ত সংযোজিত হইবে, যথা ঃ—

"(১৪) প্রতিটি লাইসেন্সকৃত প্রাঙ্গণে লাইসেন্সধারীর নাম ও লাইসেন্স নম্বর সহজে দৃশ্যমান স্থানে সাইনবোর্ডে লিপিবদ্ধ করিয়া রাখিতে হইবে।

(১৫) বিধি ৪৭ এর বিধান অনুসরণের উদ্দেশ্যে প্রধান পরিদর্শক এবং সংশ্লিষ্ট অঞ্চলের বিস্ফোরক পরিদর্শকের টেলিফোন নম্বরসহ দপ্তরের পূর্ণ ঠিকানা লাইসেন্সকৃত মজুদাগার, প্রাঙ্গন, স্থাপনা ও পরিবহন যানে লিপিবদ্ধ করিতে হইবে।";

(ঞ) তফসিল ৩ এর পরিবর্তে নিম্নরূপ তফসিল ৩ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"তফসিল ৩

[ গ্যাসাধার বিধিমালা, ১৯৯৫ এর বিধি ৩৫(২) দ্রষ্টব্য ]

লাইসেন্স ফি-এর হার

| ক্রমিক নং | লাইসেন্সের উদ্দেশ্য | গ্যাসাধারের জলধারণ ক্ষমতা | লাইসেন্স ফি (প্রতিটি গ্যাসাধার) |
|---|---|---|---|
| ১। | গ্যাসাধারে গ্যাস মজুদ | (ক) অনুর্ধ্ব ১০,০০০ লিটার;<br>(খ) ১০,০০০ লিটারের উর্ধ্বে কিন্তু অনুর্ধ্ব ৪০,০০০ লিটার;<br>(গ) ৪০,০০০ লিটারের উর্ধ্বে। | (ক) ২,০০০ টাকা;<br>(খ) ৩,০০০ টাকা;<br>(গ) ৪,০০০ টাকা। |
| ২। | পরিবহন যানে গ্যাস পরিবহন | (ক) অনুর্ধ্ব ১০,০০০ লিটার;<br>(খ) ১০,০০০ লিটারের উর্ধ্বে কিন্তু অনুর্ধ্ব ৪০,০০০ লিটার;<br>(গ) ৪০,০০০ লিটারের উর্ধ্বে। | (ক) ১,০০০ টাকা;<br>(খ) ২,০০০ টাকা;<br>(গ) ৩,০০০ টাকা। |

"।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মাদ আজিজুল ইসলাম**
ভারপ্রাপ্ত সচিব।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।